একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত

প্রতিদিন অন্ততঃ একবার বাকাশিবোর ওয়েবসাইট www.bteb.gov.bd ভিজিট করুন।

**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা**
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
এইচএসসি (বিএমটি) শাখা
Website: www.bteb.gov.bd

# এইচএসসি (বিএম/বিএমটি), ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষা-২০২৩ এর ফরম পূরনের বিজ্ঞপ্তি

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০৫৪.২৩.৫২৮(১)

তারিখ ঃ ২২-০৬-২০২৩ খ্রি.

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি (বিএম/বিএমটি) ও ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রম পরিচালিত সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩ সনে অনুষ্ঠিতব্য এইচএসসি (বিএম/বিএমটি) এবং ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের ১ম ও ২য় বর্ষ চূড়ান্ত শিক্ষার্থীদের অনলাইনে ফরম পূরণ এবং পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত বর্ণনা মোতাবেক যথাসময়ে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো:
এইচএসসি (বিএম/বিএমটি) ও ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষা-২০২৩ শুরুর সম্ভাব্য তারিখ: ১৭-০৮-২০২৩খ্রি.

## ১. পরীক্ষার্থীর বিবরণঃ

**নিয়মিত পরীক্ষার্থীঃ**

- ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী ২০২৩ সনে অনুষ্ঠিতব্য এইচএসসি (বিএমটি) ও ডিপ্লোমা-ইন-কমার্স ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য হবে।
- ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষে রেজিস্ট্রেশনকৃত এবং ২০২২ সনে অনুষ্ঠিত ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী ২০২৩ সনে অনুষ্ঠিতব্য এইচএসসি (বিএমটি) ও ডিপ্লোমা-ইন-কমার্স ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য হবে।

**অনিয়মিত পরীক্ষার্থীঃ**

**১ম বর্ষ অনিয়মিত পরীক্ষার্থীঃ**

- যে সকল পরীক্ষার্থী ২০২২ সনে অনুষ্ঠিত ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করে নাই অথবা অংশগ্রহণ করে ৩ (তিন) বা ততোধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২৩ সনে অনুষ্ঠিতব্য ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। ঐ সকল পরীক্ষার্থী শুধু অকৃতকার্য বিষয়সমূহে পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- ২০২১-২০২২ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণীতে কোন শিক্ষার্থী নির্ধারিত হাজিরা না থাকলে বা ধারাবাহিক মূল্যায়নে অকৃতকার্য হলে বা শিক্ষা পরিষদের নিকট গ্রহণযোগ্য অন্য কোন কারণে ২০২২ সনের প্রথম বর্ষ বোর্ড সমাপনী পরীক্ষায় ফরম পূরনে ব্যর্থ হলে, সে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২৩ সনে অনুষ্ঠিতব্য একাদশ শ্রেণি বোর্ড সমাপনী পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- যে সকল পরীক্ষার্থী ২০২২ সনে অনুষ্ঠিত ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় পরিপূরক পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করে এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে সে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২৩ সনে অনুষ্ঠিতব্য ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।
- বহিঃষ্কৃত পরীক্ষার্থীদের মধ্যে যাদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে কিংবা কেবলমাত্র ২০২২ সনের ১ম বর্ষের চূড়ান্ত পরীক্ষা বাতিল হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অকৃতকার্য বিষয়ে ২০২৩ সালের অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- যে সকল পরীক্ষার্থী ২০২২ সনে অনুষ্ঠিত ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় ফরম ফিলাপ করেনি, সে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে সংযোগ ফি (৩০০/-) দিয়ে ২০২৩ সনে অনুষ্ঠিতব্য চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। পরীক্ষার্থীর আবেদনপত্রে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি সংযুক্ত করে তা পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগের বিএমটি শাখায় (ভবন-১, ১০ম তলা) জমা দিতে হবে।

**২য় বর্ষ অনিয়মিত পরীক্ষার্থীঃ**

- যে সকল পরীক্ষার্থী ২০২২ সনে অনুষ্ঠিত ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করে নাই অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে ; তারা ২০২৩ সনে অনুষ্ঠিতব্য ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য হবে।

- ২০২১ সনে বা তার পূর্বে ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে কিন্তু ২০২২ সনের ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষার ফরম পূরণ করে নাই, ঐ সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২৩ সনে অনুষ্ঠিতব্য ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অনিয়মিত পরিক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- দ্বাদশ শ্রেণীর কোন শিক্ষার্থী নির্ধারিত হাজিরা না থাকলে বা ধারাবাহিক মূল্যায়নে অকৃতকার্য বা শিক্ষা পরিষদের নিকট গ্রহণযোগ্য অন্য কোন কারনে ২০২২ সনের ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় ফরম পূরনে ব্যর্থ হলে, সে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে বোর্ড নির্ধারিত ফি প্রদান পূর্বক বোর্ডের অনুমতি গ্রহণ করে ২০২৩ সনে অনুষ্ঠিতব্য ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অনিয়মিত পরিক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ২০২১-২০২২ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশন ব্যতীত অন্য যে-কোনো শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী ২০২২ সনের অনুষ্ঠিত ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হলে তারা রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২৩ সনে অনুষ্ঠিতব্য ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।
- বহিঃষ্কৃত পরীক্ষার্থীদের মধ্যে যাদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে কিংবা কেবলমাত্র ২০২২ সনের ২য় বর্ষের চূড়ান্ত পরীক্ষা বাতিল হয়েছে; তারা রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২৩ সনে অনুষ্ঠিতব্য ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অকৃতকার্য বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- যে সকল পরীক্ষার্থী ২০২২ সনে অনুষ্ঠিত ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় ফরম ফিলাপ করেনি, সে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে সংযোগ ফি (৩০০/-) দিয়ে ২০২৩ সনে অনুষ্ঠিতব্য চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। পরীক্ষার্থীর আবেদনপত্রে রেজিস্ট্রেশন কার্ড, ১ম বর্ষের প্রবেশপত্র এবং নম্বরপত্রের ফটোকপি সংযুক্ত করে তা পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগের বিএমটি শাখায় (ভবন-১, ১০ম তলা) জমা দিতে হবে।

**পরিপূরক পরীক্ষার্থীঃ**

- যে সকল পরীক্ষার্থী ২০২২ সনে অনুষ্ঠিত ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অনধিক ২ (দুই) বিষয়ে অকৃতকার্য হয়েছে ; তারা ২০২৩ সনে অনুষ্ঠিতব্য ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষার সাথে ১ম বর্ষের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে পরিপূরক পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

**পরীক্ষায় অংশগ্রহণের অযোগ্যতাঃ**

- শিক্ষার্থী ২০১৮- ২০১৯ শিক্ষাবর্ষ বা -এর পূর্বে রেজিস্ট্রেশনকৃত হলে।
- শিক্ষার্থী ধারাবাহিক (TC, PC) নম্বরে অকৃতকার্য হলে।
- শিক্ষার্থীর বহিঃস্কার সূত্রে আরোপিত শাস্তির মেয়াদ শেষ না হলে।

## ২. পরীক্ষার্থীদের নিকট হতে আদায়যোগ্য ফি সমূহের হারঃ

**১ম বর্ষ ও ২য় বর্ষ (নিয়মিত ও অনিয়মিত) পরীক্ষার্থীদের নিকট হতে পরীক্ষার ফি নিম্নরূপ হারে আদায় করতে হবে ঃ**

| ক্রম | বিবরণ | ফি এর পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ক. | পরীক্ষার ফি (১ম ও ২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী | ৮০০/- (আটশত) টাকা | বোর্ডের প্রাপ্য ১০০% |
| খ. | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (১ম ও ২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী | ৮০/- (আশি) টাকা | বোর্ডের প্রাপ্য ১০০% |
| গ. | সনদপত্র ফি (শুধুমাত্র ২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী (ইতোপূর্বে ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ না করলে) | ১২০/- (একশত বিশ) টাকা | বোর্ডের প্রাপ্য ১০০% |
| ঘ. | বাস্তব প্রশিক্ষণ ফি (১ম ও ২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী | ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা | বোর্ডের ৯০/- প্রতিষ্ঠান ৬০/- টাকা প্রাপ্য |
| ঙ. | কেন্দ্র ফি (১ম ও ২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী | ৫০০/- (পাঁচশত) টাকা | কেন্দ্র প্রাপ্য ১০০% |
| চ. | ব্যবহারিক কেন্দ্র ফি প্রতি পরীক্ষার্থী | ১০০/- (একশত) টাকা | কেন্দ্র প্রাপ্য ১০০% |
| ছ. | ব্যবহারিক পরীক্ষার ফি প্রতি বিষয়/প্রতি পরীক্ষার্থী | ২৫/- (পঁচিশ) টাকা | কেন্দ্র প্রাপ্য ১০০% |
| জ. | সংযোগ রক্ষাকারী ফি | ৩০০/- (তিনশত) টাকা | বোর্ডের প্রাপ্য ১০০% |

**১ম বর্ষ (পরিপূরক) পরীক্ষার্থীদের নিকট হতে পরীক্ষার ফি নিম্নরূপ হারে আদায় করতে হবে ঃ**

| ক্রম | বিবরণ | ফি এর পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ক. | পরীক্ষার ফি প্রতি পরীক্ষার্থী | ৮০০/- (আটশত) টাকা | বোর্ডের প্রাপ্য ১০০% |
| খ. | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি প্রতি পরীক্ষার্থী | ৮০/- (আশি) টাকা | বোর্ডের প্রাপ্য ১০০% |
| গ. | বাস্তব প্রশিক্ষণ ফি প্রতি পরীক্ষার্থী (যদি বাস্তব প্রশিক্ষণে অনুত্তীর্ণ হয়ে থাকে) | ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা | বোর্ডের ৯০/- প্রতিষ্ঠান ৬০/- টাকা প্রাপ্য |
| ঘ. | ব্যবহারিক পরীক্ষার ফি প্রতি বিষয়/প্রতি পরীক্ষার্থী | ২৫/- (পঁচিশ) টাকা | কেন্দ্রের প্রাপ্য ১০০% |

- শিক্ষার্থীদের নিকট হতে আদায়যোগ্য ব্যবহারিক পরীক্ষা বাবদ অর্থ হতে অনাভ্যন্তরীণ এবং অভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষকের পারিশ্রমিক প্রতি পরীক্ষার্থী প্রতি বিষয়ে ১০ টাকা হারে পরিশোধ করতে হবে। অবশিষ্ট টাকা প্রয়োজনীয় কাঁচামাল ক্রয়ের জন্য ব্যবহার করা যাবে।
- নিয়মিত প্রত্যেক পরীক্ষার্থীর থেকে ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট ফি বাবদ আদায়কৃত ১৫০/- (একশত পঞ্চাশ) হতে বোর্ডের প্রাপ্য ৯০/- (নব্বই) বাদ দিয়ে অবশিষ্ট ৬০/- (ষাট) ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টের সঙ্গে সম্পৃক্তদের মধ্যে বন্টনযোগ্য।
- পরীক্ষার্থীর নিকট হতে কোনভাবেই নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি গ্রহণ করা যাবেনা। এ বিষয়ে সুনির্দিষ্ট প্রমাণ পাওয়া গেলে বিধি মোতাবেক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন করা হবে।
- ট্যাগ অফিসারদের সম্মানি কেন্দ্র ফি থেকে কেন্দ্র বহন করবে।

**৩. অনলাইনে ফরম পূরণ সংক্রান্ত তথ্যঃ**

নিম্নোক্ত ছকে বর্ণিত তারিখ অনুযায়ী অনলাইনে ফরম পূরণ সংক্রান্ত কার্যক্রম অবশ্যই সম্পন্ন করতে হবে।

অনলাইন ফরম পূরণ সংক্রান্ত

| অনলাইনে ফরম পূরণের তারিখ | বিলম্ব ফি ছাড়া ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা প্রিন্ট করার তারিখ | বিলম্ব ফিসহ ফরম পূরণের তারিখ (প্রতি পরীক্ষার্থী ৩০০ টাকা) | বিলম্ব ফিসহ ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা প্রিন্ট করার তারিখ |
|---|---|---|---|
| **০৯-০৭-২০২৩ খ্রি. হতে ১৬-০৭-২০২৩ খ্রি.** | **১৭-০৭-২০২৩ খ্রি হতে ১৯-০৭-২০২৩ খ্রি.** | **২০-০৭-২০২৩ খ্রি হতে ২৬-০৭-২০২৩ খ্রি** | **২৭-০৭-২০২৩ খ্রি হতে ২৮-০৭-২০২৩ খ্রি.** |

- কোন অবস্থাতেই ছকে বর্ণিত তারিখের ব্যত্যয় ঘটানো যাবে না। ব্যতিক্রম পরিলক্ষিত হলে ৭ দিন পর্যন্ত ৩০০ টাকা বিলম্ব ফি ছাড়াও প্রতিষ্ঠান প্রধানের উপর ২৫০০/- জরিমানা ধার্য্যসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হবে এবং পরবর্তী ক্ষেত্রে ৩০০ টাকা বিলম্ব ফি ছাড়াও প্রতিষ্ঠান প্রধানের উপর ৪০০০/- জরিমানা ধার্য্যসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এ জন্য প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।
- নির্ধারিত ০৯-০৭-২০২৩ খ্রি. হতে ১৬-০৭-২০২৩ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে স্ব-স্ব প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের ফরম পূরণ করতে হবে এবং বিলম্ব ফি-সহ পরীক্ষার্থীদের ক্ষেত্রে ২০-০৭-২০২৩ খ্রি. হতে ২৬-০৭-২০২৩ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে স্ব-স্ব প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের ফরম পূরণ করতে হবে।

**৪. প্রবেশপত্র সংশোধনীঃ**

- রেজিস্ট্রেশন কার্ডে কোনরূপ ত্রুটি থাকলে অবশ্যই তা প্রবেশপত্র ইস্যুর পূর্বে সংশোধন করতে হবে।
- রেজিস্ট্রেশন কার্ডের ভুলের কারণে ভুল প্রবেশপত্র ইস্যু হলে শিক্ষার্থী প্রতি টাঃ ৫০০/- প্রদানপূর্বক সংশোধিত প্রবেশপত্র ইস্যু করা যাবে।
- সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান বোর্ড নির্ধারিত তারিখে প্রবেশপত্র ডাউনলোড ও প্রিন্ট করে পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করবে। প্রবেশপত্র গ্রহণ করার পর তা ঠিক আছে কি না যাচাই করতে হবে। কোন ভুলত্রুটি থাকলে তা পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পূর্বেই নির্ধারিত ৫০০/- টাকা ফি প্রদান পূর্বক সংশোধন করে নিতে হবে।

**৫. বিশেষ শর্তাবলীঃ**

- সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রবিধান মোতাবেক বিষয় ভিত্তিক উত্তীর্ণমান ও পূর্ণমান সঠিক ভাবে যাচাই সাপেক্ষে পরীক্ষার্থীর TC,PC-তে প্রাপ্ত নম্বর online–এ ইনপুট দিতে হবে। প্রতিষ্ঠানের ভুলের কারণে শিক্ষার্থীদের ফলাফল সংক্রান্ত জটিলতার দায়-দায়িত্ব প্রতিষ্ঠানকেই বহন করতে হবে।
- কোন পরীক্ষার্থীর ধারাবাহিকের (TC, PC) নম্বর অনলাইনে প্রেরণ করা না হলে তার ফরম পূরণ করা যাবে না। ফরম পূরণের পূর্বেই এ সংক্রান্ত জটিলতা থাকলে তা যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নিষ্পত্তি করতে হবে।
- এইচএসসি (বিএম/বিএমটি) ও ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষা সংক্রান্ত সকল যোগাযোগের ক্ষেত্রে অত্র বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক, দৃষ্টি আকর্ষণঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি) বরাবরে উল্লেখ করতে হবে।
- উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র ব্যবহারের হিসাব (প্রতি দিবস/ শিফট) একটি রেজিঃ খাতায় লিপিবদ্ধ করতে হবে। অব্যবহৃত উত্তরপত্র, অব্যবহৃত অতিরিক্ত উত্তরপত্র ও পরীক্ষায় ব্যবহৃত খালি ট্যংকটি (দুইটি তালা ও ছয়টি চাবি) ব্যবহারিক চূড়ান্ত পরীক্ষা সমাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে বোর্ডে ফেরত দিতে হবে।

❖ অত্র বোর্ডের এইচএসসি (বিএম/বিএমটি) এবং ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের জন্য প্রণীত শিক্ষা বর্ষপঞ্জির আলোকে উক্ত পরীক্ষার ফরম পূরণ ও পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম পরিচালনার জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হল। এইচএসসি (বিএম/বিএমটি) এবং ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের শিক্ষার্থীদের ফরম পূরণ ও পরীক্ষা সংক্রান্ত যে-কোনো বিষয়ে বিস্তারিত জানতে প্রয়োজনে বিএমটি শাখার ০১৭৩২২৯৭৬০৭ নম্বরে যোগাযোগ করা যাবে।

**[বিঃদ্রঃ অন-লাইন সংক্রান্ত কার্যক্রম শেষ দিনে না করাই বাঞ্চনীয়। ফরম পূরণের টাকা জমাদানের তারিখ, প্রবেশপত্র অনলাইন থেকে ডাউনলোড করে প্রিন্ট করা (প্রতিষ্ঠান করবে), পরীক্ষার উত্তরপত্র, বাস্তব প্রশিক্ষণ বই এবং প্রয়োজনীয় ডকুমেন্টস বোর্ড হতে গ্রহণ করার তারিখ পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে।]**

(মো: কেপায়েত উল্লাহ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ০২-৫৫০০৬৫২৫

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০৫৪.২৩.৫২৮(১)/১৭ তারিখ: ২২-০৬-২০২৩ খ্রি.

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ

১. সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত সচিব (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ), বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা
৩. বিভাগীয় প্রধান (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. জেলা প্রশাসক, সকল জেলা।
৫. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা।
৬. অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি (বিএম/বিএমটি), ডিপ্লোমা ইন কমার্স পরিচালিত প্রতিষ্ঠান।
৭. উপ পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. উপ পরীক্ষা নিয়ন্ত্রক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. উপ সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. সিস্টেম এনালিস্ট-১, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধসহ)।
১১. উপ পরিদর্শক (বিএমটি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. কারিকুলাম বিশেষজ্ঞ (বিএমটি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. ডকুমেন্টশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫. নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৭. সংশ্লিষ্ট নথি।

(মো: সুলতান হোসেন)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ০২-৫৫০০৬৫২৯

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

প্রতিদিন অন্ততঃ একবার বাকাশিবোর ওয়েবসাইট www.bteb.gov.bd ভিজিট করুন।

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
এইচএসসি (বিএমটি) শাখা
Website : www.bteb.gov.bd

## এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষা-২০২৩ এর ফরম পূরণের বিজ্ঞপ্তি

তারিখঃ ২২-০৬-২০২৩ খ্রি.

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০৫৪.২৩.৫২৮(২)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩ সনে অনুষ্ঠিতব্য এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের ১ম ও ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের অনলাইনে ফরম পূরণ এবং পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত বর্ণনা মোতাবেক যথাসময়ে সম্পন্ন করতে অনুরোধ করা হলো।

১. **পরীক্ষার্থীর বিবরণঃ**

➢ **দ্বাদশ শ্রেণিঃ**

* ২০২১-২২ শিক্ষাবর্ষে এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত সকল শিক্ষার্থী নিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য হবে।
* ২০২০-২১ শিক্ষাবর্ষ অথবা তার পূর্বে এইচএসসি (ভোকেশনাল) ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় যারা অকৃতকার্য হয়েছে তারা রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য হবে।

➢ **একাদশ শ্রেণিঃ**

* ২০২২-২৩ শিক্ষাবর্ষে এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের একাদশ শ্রেণিতে অধ্যয়নরত সকল শিক্ষার্থী নিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য হবে।
* ২০২১-২২ শিক্ষাবর্ষ অথবা তার পূর্বে এইচএসসি (ভোকেশনাল) ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় যারা অকৃতকার্য হয়েছে তারা রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য হবে।

➢ **পরিপূরক পরীক্ষার্থীঃ** যে সকল পরীক্ষার্থী ২০২২ সনে অনুষ্ঠিত ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অনধিক ০৩ (তিন) বিষয়ে অকৃতকার্য হয়েছে ; তারা ২০২৩ সনে অনুষ্ঠিতব্য ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষার সাথে ১ম বর্ষের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে পরিপূরক পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

➢ **বহিষ্কৃত পরীক্ষার্থীঃ** বহিঃস্কৃত পরীক্ষার্থীদের মধ্যে যাদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে, কিংবা কেবলমাত্র ২০২২ সনের ১ম ও ২য় বর্ষের চূড়ান্ত পরীক্ষা বাতিল হয়েছে; তারা রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২৩ সনে অনুষ্ঠিতব্য ১ম ও ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অকৃতকার্য বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

➢ **সংযোগ ফিঃ** যে সকল পরীক্ষার্থী ২০২২ সনে অনুষ্ঠিত ১ম ও ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় ফরম ফিলাপ করেনি, সে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে সংযোগ ফি (৩০০/-) দিয়ে ২০২৩ সনে অনুষ্ঠিতব্য ১ম ও ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

**পরীক্ষায় অংশগ্রহণের অযোগ্যতাঃ**

➢ শিক্ষার্থী ২০১৮- ২০১৯ শিক্ষাবর্ষ বা -এর পূর্বে রেজিস্ট্রেশনকৃত হলে।
➢ শিক্ষার্থী ধারাবাহিক (TC, PC) নম্বরে অকৃতকার্য হলে।
➢ শিক্ষার্থীর বহিঃস্কার সূত্রে আরোপিত শাস্তির মেয়াদ শেষ না হলে।

২. **পরীক্ষার্থীদের নিকট হতে আদায়যোগ্য ফি সমূহের হারঃ**

**১ম বর্ষ ও ২য় বর্ষ (নিয়মিত ও অনিয়মিত) পরীক্ষার্থীদের নিকট হতে পরীক্ষার ফি নিম্নরূপ হারে আদায় করতে হবে ঃ**

| ক্রম | বিবরণ | ফি এর পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ক. | পরীক্ষার ফি (১ম ও ২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী | ৮০০/- (আটশত) টাকা | বোর্ডের প্রাপ্য ১০০% |
| খ. | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (১ম ও ২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী | ৮০/- (আশি) টাকা | বোর্ডের প্রাপ্য ১০০% |
| গ. | সনদপত্র ফি (শুধুমাত্র ২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী (ইতোপূর্বে ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ না করলে) | ১২০/- (একশত বিশ) টাকা | বোর্ডের প্রাপ্য ১০০% |
| ঘ. | বাস্তব প্রশিক্ষণ ফি (১ম ও ২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী | ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা | বোর্ডের ৯০/- প্রতিষ্ঠান ৬০/- টাকা প্রাপ্য |
| ঙ. | কেন্দ্র ফি (১ম ও ২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী | ৫০০/- (পাঁচশত) টাকা | কেন্দ্র প্রাপ্য ১০০% |
| চ. | ব্যবহারিক কেন্দ্র ফি প্রতি পরীক্ষার্থী | ১০০/- (একশত) টাকা | কেন্দ্র প্রাপ্য ১০০% |
| ছ. | ব্যবহারিক পরীক্ষার ফি প্রতি বিষয়/প্রতি পরীক্ষার্থী | ২৫/- (পঁচিশ) টাকা | কেন্দ্র প্রাপ্য ১০০% |
| জ. | সংযোগ রক্ষাকারী ফি | ৩০০/- (তিনশত) টাকা | বোর্ডের প্রাপ্য ১০০% |

১ম বর্ষ (পরিপূরক) পরীক্ষার্থীদের নিকট হতে **পরীক্ষার** ফি নিম্নরূপ হারে আদায় করতে হবে ঃ

| ক্রম | বিবরণ | ফি এর পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ক. | পরীক্ষার ফি প্রতি পরীক্ষার্থী | ৮০০/- (আটশত) টাকা | বোর্ডের প্রাপ্য ১০০% |
| খ. | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি প্রতি পরীক্ষার্থী | ৮০/- (আশি) টাকা | বোর্ডের প্রাপ্য ১০০% |
| গ. | বাস্তব প্রশিক্ষণ ফি প্রতি পরীক্ষার্থী (যদি বাস্তব প্রশিক্ষণে অনুত্তীর্ণ হয়ে থাকে) | ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা | বোর্ডের ৯০/- প্রতিষ্ঠান ৬০/- টাকা প্রাপ্য |
| ঘ. | ব্যবহারিক পরীক্ষার ফি প্রতি বিষয়/প্রতি পরীক্ষার্থী | ২৫/- (পঁচিশ) টাকা | কেন্দ্রের প্রাপ্য ১০০% |

- শিক্ষার্থীদের নিকট হতে আদায়যোগ্য ব্যবহারিক পরীক্ষা বাবদ অর্থ হতে অনাভ্যন্তরীণ এবং অভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষকের পারিশ্রমিক প্রতি পরীক্ষার্থী প্রতি বিষয়ে ১০ টাকা হারে পরিশোধ করতে হবে। অবশিষ্ট টাকা প্রয়োজনীয় কাঁচামাল ক্রয়ের জন্য ব্যবহার করা যাবে।
- নিয়মিত প্রত্যেক পরীক্ষার্থীর থেকে ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট ফি বাবদ আদায়কৃত ১৫০/- (একশত পঞ্চাশ) হতে বোর্ডের প্রাপ্য ৯০/- (নব্বই) বাদ দিয়ে অবশিষ্ট ৬০/- (ষাট) ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টের সঙ্গে সম্পৃক্তদের মধ্যে বন্টনযোগ্য।
- পরীক্ষার্থীর নিকট হতে কোনভাবেই নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি গ্রহণ করা যাবেনা। এ বিষয়ে সুনির্দিষ্ট প্রমাণ পাওয়া গেলে বিধি মোতাবেক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন করা হবে।
- ট্যাগ অফিসারদের সম্মানি কেন্দ্র ফি থেকে কেন্দ্র বহন করবে।

**৩. অনলাইনে ফরম পূরণ সংক্রান্ত তথ্যঃ**

নিম্নোক্ত ছকে বর্ণিত তারিখ অনুযায়ী অনলাইনে ফরম পূরণ সংক্রান্ত কার্যক্রম অবশ্যই সম্পন্ন করতে হবে।

**অনলাইন ফরম পূরণ সংক্রান্ত**

| অনলাইনে ফরম পূরণের তারিখ | বিলম্ব ফি ছাড়া ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা প্রিন্ট করার তারিখ | বিলম্ব ফিসহ ফরম পূরণের তারিখ (প্রতি পরীক্ষার্থী ৩০০ টাকা) | বিলম্ব ফিসহ ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা প্রিন্ট করার তারিখ |
|---|---|---|---|
| **০৯-০৭-২০২৩ খ্রি. হতে ১৬-০৭-২০২৩ খ্রি.** | **১৭-০৭-২০২৩ খ্রি হতে ১৯-০৭-২০২৩ খ্রি.** | **২০-০৭-২০২৩ খ্রি হতে ২৬-০৭-২০২৩ খ্রি** | **২৭-০৭-২০২৩ খ্রি হতে ২৮-০৭-২০২৩ খ্রি.** |

- কোন অবস্থাতেই ছকে বর্ণিত তারিখের ব্যত্যয় ঘটানো যাবে না। ব্যতিক্রম পরিলক্ষিত হলে ৭ দিন পর্যন্ত ৩০০ টাকা বিলম্ব ফি ছাড়াও প্রতিষ্ঠান প্রধানের উপর ২৫০০/- জরিমানা ধার্য্যসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হবে এবং পরবর্তী সময়ের ক্ষেত্রে ৩০০ টাকা বিলম্ব ফি ছাড়াও প্রতিষ্ঠান প্রধানের উপর ৪০০০/- জরিমানা ধার্য্যসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এ জন্য প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।
- নির্ধারিত ০৯-০৭-২০২৩ খ্রি. হতে ১৬-০৭-২০২৩ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে স্ব-স্ব প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের ফরম পূরণ করতে হবে এবং বিলম্ব ফি-সহ পরীক্ষার্থীদের ক্ষেত্রে ২০-০৭-২০২৩ খ্রি. হতে ২৬-০৭-২০২৩ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে স্ব-স্ব প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের ফরম পূরণ করতে হবে।

**৪. প্রবেশপত্র সংশোধনীঃ**

- রেজিস্ট্রেশন কার্ডে কোনরূপ ত্রুটি থাকলে অবশ্যই তা প্রবেশপত্র ইস্যুর পূর্বে সংশোধন করতে হবে।
- রেজিস্ট্রেশন কার্ডের ভুলের কারণে ভুল প্রবেশপত্র ইস্যু হলে শিক্ষার্থী প্রতি টাঃ ৫০০/- প্রদানপূর্বক সংশোধিত প্রবেশপত্র ইস্যু করা যাবে।
- সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান বোর্ড নির্ধারিত তারিখে প্রবেশপত্র ডাউনলোড ও প্রিন্ট করে পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করবে। প্রবেশপত্র গ্রহণ করার পর তা ঠিক আছে কি না যাচাই করতে হবে। কোন ভুলত্রুটি থাকলে তা পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পূর্বেই নির্ধারিত ৫০০/- টাকা ফি প্রদান পূর্বক সংশোধন করে নিতে হবে।

**৫. বিশেষ শর্তাবলীঃ**

- সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রবিধান মোতাবেক বিষয় ভিত্তিক উত্তীর্ণমান ও পূর্ণমান সঠিক ভাবে যাচাই সাপেক্ষে পরীক্ষার্থীর TC,PC-তে প্রাপ্ত নম্বর online–এ ইনপুট দিতে হবে। প্রতিষ্ঠানের ভুলের কারণে শিক্ষার্থীদের ফলাফল সংক্রান্ত জটিলতার দায়-দায়িত্ব প্রতিষ্ঠানকেই বহন করতে হবে।
- কোন পরীক্ষার্থীর ধারাবাহিকের (TC, PC) নম্বর অনলাইনে প্রেরণ করা না হলে তার ফরম পূরণ করা যাবে না। ফরম পূরণের পূর্বেই এ সংক্রান্ত জটিলতা থাকলে তা যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নিষ্পত্তি করতে হবে।
- এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষা সংক্রান্ত সকল যোগাযোগের ক্ষেত্রে অত্র বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক, দৃষ্টি আকর্ষণঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি) বরাবরে উল্লেখ করতে হবে।
- উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র ব্যবহারের হিসাব (প্রতি দিবস/ শিফট্) একটি রেজিঃ খাতায় লিপিবদ্ধ করতে হবে। অব্যবহৃত উত্তরপত্র, অব্যবহৃত অতিরিক্ত উত্তরপত্র ও পরীক্ষায় ব্যবহৃত খালি ট্যংকটি (দুইটি তালা ও ছয়টি চাবি) ব্যবহারিক চূড়ান্ত পরীক্ষা সমাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে বোর্ডে ফেরত দিতে হবে।

❖ অত্র বোর্ডের এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের জন্য প্রণীত শিক্ষা বর্ষপঞ্জির আলোকে উক্ত পরীক্ষার ফরম পূরণ ও পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম পরিচালনার জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হল। এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের শিক্ষার্থীদের ফরম পূরণ ও পরীক্ষা সংক্রান্ত যে-কোনো বিষয়ে বিস্তারিত জানতে প্রয়োজনে বিএমটি শাখার ০১৭৩২২৯৭৬০৭ নম্বরে যোগাযোগ করা যাবে।

**[বিঃদ্রঃ অন-লাইন সংক্রান্ত কার্যক্রম শেষ দিনে না করাই বাঞ্ছনীয়। ফরম পূরণের টাকা জমাদানের তারিখ, প্রবেশপত্র অনলাইন থেকে ডাউনলোড করে প্রিন্ট করা (প্রতিষ্ঠান করবে), পরীক্ষার উত্তরপত্র, বাস্তব প্রশিক্ষণ বই এবং প্রয়োজনীয় ডকুমেন্টস বোর্ড হতে গ্রহণ করার তারিখ পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে।]**

০৭/০৭/২৩

(মো: কেপায়েত উল্লাহ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ০২-৫৫০০৬৫২৫

তারিখ: ২২-০৬-২০২৩ খ্রি.

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০৫৪.২৩.৫২৮(২)/১৭

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ

১. সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত সচিব (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ), বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা
৩. বিভাগীয় প্রধান (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. জেলা প্রশাসক, সকল জেলা।
৫. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা।
৬. অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম পরিচালিত প্রতিষ্ঠান।
৭. উপ পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. উপ পরীক্ষা নিয়ন্ত্রক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. উপ সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. সিস্টেম এনালিস্ট-১, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধসহ)।
১১. উপ পরিদর্শক (বিএমটি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. কারিকুলাম বিশেষজ্ঞ (বিএমটি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. ডকুমেন্টশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫. নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৭. সংশ্লিষ্ট নথি।

06/07/2023

(মো: সুলতান হোসেন)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ০২-৫৫০০৬৫২৯